**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**ডাউনলোড "এই যুগ অ্যাপ"**



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"





HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 4 JULY 2026 ,SATURDAY | ৪ জুলাই ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-212


## ৪ তারিখের পর বিজেপি তে যোগদান প্রসঙ্গে কড়া বার্তা অগ্নিমিত্রা পালের




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৩ জুলাই :** রাজ্যের জেলায় জেলায় ৪ মে এর পর থেকে "হঠাৎ বিজেপি কর্মীদের" দাপট দেখা যাচ্ছে।জেলায় জেলায় এই "হঠাৎ বিজেপি দের" বিরুদ্ধে নানান অভিযোগ উঠছে পুরোনো বিজেপি কর্মীদের তরফে। যদিও বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য আগেই নির্দেশ দিয়েছে ,৪ মে এর পর যারা বিজেপি তে যোগদান করতে চাইলে তাদের আমরা নেবো না। এবার "হঠাৎ বিজেপি কর্মীদের" যোগদান প্রসঙ্গ নিয়ে কড়া বার্তা দিলেন রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। শুক্রবার কলকাতা শহরের একটি অনুষ্ঠানে যোগদান করতে এসে অগ্নিমিত্রা পাল বলেন ,৪ তারিখ এর পর যারা কপালে গেরুয়া আবির ,হাতে গেরুয়া পতাকা নিয়ে আমাদের থেকেও বড় বিজেপি হয়ে গেছে ,তাদের কে আমরা বিজেপি তে ঢুকতে দেবো না যতক্ষণ না অধ্যক্ষ মহাশয় শমীক ভট্টাচার্য ও মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী অনুমতি দিচ্ছেন। এদিন অগ্নিমিত্রা পাল এও বলেন যে সমস্ত বিজেপি কর্মীরা এদের কে ঢুকতে সাহায্য করবেন তাদের বিরুদ্ধে ও দল ব্যবস্থা নেবে। এছাড়াও যারা আগে তৃণমূল থেকে সুবিধা নিয়ে এখন বিজেপি তে যোগদান করার কথা ভাবছেন ,এবং বিজেপি কর্মীরা ভাবছেন এদেরকে দলে নিয়ে দল ভারী করবেন ,পুর সভা নির্বাচন এর জন্য ,তাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেবে দল । মন্ত্রী অগ্নিমিত্রা পাল এদিন এও জানান ,দলের শৃঙ্খলা ও আদর্শ বজায় রাখতেই সংগঠনে নতুন সদস্য অন্তর্ভুক্তির ক্ষেত্রে রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের নির্দেশই চূড়ান্ত। দলীয় কর্মীদেরও নির্দেশ দেওয়া হয়েছে , অনুমতি ছাড়া এ ধরনের কোনও পদক্ষেপ থেকে বিরত থাকতে।

## কলকাতার রবীন্দ্র সরোবর স্টেডিয়াম পরিদর্শনে রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,৩ জুলাই :** ক্রীড়া পরিকাঠামোর উন্নয়ন, খেলোয়াড়দের জন্য উন্নত সুযোগ-সুবিধা সহ ভবিষ্যৎ উন্নত পরিকল্পনার জন্য শুক্রবার কলকাতার রবীন্দ্র সরোবর স্টেডিয়াম পরিদর্শন করলেন রাজ্যের ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ । সঙ্গে ছিলেন অর্থ মন্ত্রী স্বপন দাশগুপ্ত। স্টেডিয়াম কে উন্নত করতে এদিন সংশ্লিষ্ট আধিকারিকদের সঙ্গে পর্যালোচনা করেন ক্রীড়ামন্ত্রী।এদিন ক্রীড়ামন্ত্রী ইন্দ্রনীল খাঁ এর রবীন্দ্র সরোবর স্টেডিয়াম পরিদর্শনে খুশি ক্রীড়া প্রেমীরা । ক্রীড়া প্রেমীরা জানান বিগত তৃণমূল সরকার ১৫ বছরেও রবীন্দ্র সরোবর স্টেডিয়াম এর পরিকাঠামোর উন্নয়ন তো দূরের কথা ,এই স্টেডিয়াম নিয়ে কোনোদিন ভাবেই নে । আর ডাবল ইঞ্জিন বিজেপি সরকার এসেই রবীন্দ্র সরোবর স্টেডিয়াম এর পরিকাঠামোর উন্নয়ন এর জন্য পরিদর্শনে ক্রীড়া মন্ত্রী।সূত্রের খবর, রবীন্দ্র সরোবর স্টেডিয়াম কে উন্নত মানের স্টেডিয়াম বানানোর জন্য এদিন ক্রীড়া মন্ত্রীর স্টেডিয়াম পরিদর্শন । যুব ভারতীর বিকল্প হিসাবে যাতে রবীন্দ্র সরোবর স্টেডিয়াম কে তৈরি করা যায় সে বিষয়ে তৎপর রাজ্য সরকার।

# চা বাগান পরিদর্শনে আসছেন রাজ্যের শ্রমমন্ত্রী অর্জুন সিং



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ জুলাই :** আগামী সপ্তাহে উত্তরবঙ্গে এসে সমস্ত চা বাগানের শ্রমিক সংগঠনের সাথে সভা করবেন রাজ্যের শ্রমমন্ত্রী অর্জুন সিং। কিভাবে বন্ধ চা বাগান গুলো খোলা যাবে রুগ্ন চা বাগান গুলো সচল করা যাবে এই সব সমস্ত কিছু নিয়ে আলোচনা হবে। আজ বীরপাড়াতে একথা জানান আলিপুরদুয়ার সাংসদ মনোজ টিগ্গা। এদিন বীরপাড়াতে চা বাগান সংগঠন বিটিডাব্লুইউ এর এক সভা হয় সেই সভাতে কমিটি বিস্তার করা হয়। এদিন যোগেশ রাই ও বধুয়া লকড়াকে বিটিডাব্লুইউ ব্লক সহ সভাপতি দায়িত্ব দেওয়া হয়। এবং সোবিত থাপাকে সম্পাদকের দায়িত্ব দেওয়া হয়। এদিন সাংসদ মনোজ টিগ্গা জানান আমাদের লক্ষ্য কিভাবে বন্ধ চা বাগান, রুগ্ন চা বাগানকে সচল করা যায় সরকারের কথা বলে।

# সাউথপাড়ায় বাজ পড়ে মৃত্যু আহত অপর তিনজন




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ জুলাই :** বাজ পড়ে মৃত্যু হয়েছে একজনের আহত হয়েছেন তিনজন । একই পরিবারে এমন ঘটনায় আতঙ্কিত হয়ে গেছে পরিবারের অন্যান্য সদস্যরা । তিনজনের চিকিৎসা চলছে ভাটিবাড়ী গ্রামীণ হাসপাতালে। একই পরিবারের চারজন শামুকতলা থানার সাউথপাড়া এলাকায় জমির কাজ করছিলেন। সেই সময় হঠাতে বাজ পড়ে। বিকেল পাঁচটা বিশ মিনিট নাগাদ তাদেরকে ভাটিবাড়ী গ্রামীণ হাসপাতাল নিয়ে আসার পর চিকিৎসক স্বপন দাস বয়স ৪৫ তাকে মৃত বলে ঘোষণা করে। অপরদিকে জীবন দাস সুনীতি দাস এবং দিপালী দাস গুরুতর জখম অবস্থায় ভর্তি রয়েছেন ভাটিবাড়ী গ্রামীণ হাসপাতালে। এদিকে স্বামীর মৃত্যুর খবর জানা নেই তার স্ত্রী দীপালী দাসের । আগামীকাল শনিবার স্বপন দাসের মৃতদেহ আগামীকাল শনিবার আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মর্গে ময়না তদন্ত হবে।

# নিউ আলিপুরদুয়ারে অ্যাসিড হামলা মামলায় ১০ বছরের সশ্রম কারাদণ্ড




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ জুলাই :** হোটেল মালিকাকে অ্যাসিড নিক্ষেপ ও ব্লেড দিয়ে কান কেটে দেওয়ার ঘটনায় জেলা আদালতের কড়া রায়।নিউ আলিপুরদুয়ারে এক মহিলা হোটেল ব্যবসায়ীর উপর নৃশংস এসিড হামলার ঘটনায় দোষী সাব্যস্ত অভিযুক্তকে ১০ বছরের সশ্রম কারাদণ্ড ও অর্থদণ্ডের নির্দেশ দিল আলিপুরদুয়ার জেলা আদালত। বহুল আলোচিত এই মামলার রায়ে অভিযুক্তের বিরুদ্ধে একাধিক ধারায় সাজা ঘোষণা করেন জেলা আদালতের বিচারক রাজেশ প্রধান। সরকারি আইনজীবী জানান, ১৫ জানুয়ারি ২০২৫ নিউ আলিপুরদুয়ার থানায় একটি অভিযোগ দায়ের হয়। অভিযোগ অনুযায়ী, ওই মহিলা নিউ আলিপুরদুয়ার এলাকায় একটি হোটেল পরিচালনা করতেন। অভিযুক্ত ইন্দ্রজিৎ মুখার্জি ওই হোটেলের নিয়মিত গ্রাহক ছিলেন। অভিযোগ, ১৪ জানুয়ারি ২০২৫ রাতে হোটেল বন্ধ করে বাড়ি ফেরার সময় অভিযুক্ত ওই মহিলার উপর এসিড নিক্ষেপ করে। শুধু তাই নয়, ব্লেড দিয়ে তাঁর কান কেটে দেওয়ারও অভিযোগ ওঠে। গুরুতর জখম অবস্থায় ওই মহিলাকে উদ্ধার করে চিকিৎসার ব্যবস্থা করা হয় এবং ঘটনার তদন্ত শুরু করে পুলিশ।দীর্ঘ বিচার প্রক্রিয়ার পর মামলার সাক্ষ্য-প্রমাণ ও নথিপত্র পর্যালোচনা করে আদালত অভিযুক্তকে দোষী সাব্যস্ত করে। বিচারক রাজেশ প্রধান ভারতীয় ন্যায় সংহিতার ধারা ১২৪(১), ২২৪(১) ও ১১৮(২)-সহ প্রাসঙ্গিক ধারায় সাজা ঘোষণা করেন। আদালতের নির্দেশ অনুযায়ী, অভিযুক্তকে ১০ বছরের সশ্রম কারাদণ্ড ও ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। পাশাপাশি ধারা ১১৮(২)-এর অধীনে দুই বছরের কারাদণ্ড এবং ১০ হাজার টাকা জরিমানার নির্দেশও দেওয়া হয়েছে। (সাজাগুলি একসঙ্গে নাকি ধারাবাহিকভাবে ভোগ করতে হবে, তা আদালতের আদেশ অনুযায়ী নির্ধারিত হবে।)সরকারি আইনজীবী আরও জানান, অভিযুক্ত ইন্দ্রজিৎ মুখার্জির বিরুদ্ধে দক্ষিণবঙ্গের বিভিন্ন থানায় একাধিক ফৌজদারি মামলা রয়েছে। এছাড়াও তাঁর বিরুদ্ধে এনডিপিএস (NDPS) আইনের অধীনেও মামলা বিচারাধীন রয়েছে বলে আদালতে উল্লেখ করা হয়।এই নৃশংস এসিড হামলা মামলায় জেলা আদালতের কঠোর রায়কে আইনজীবী মহল ও সাধারণ মানুষের একাংশ নারী-নিরাপত্তা এবং এসিড হামলার মতো জঘন্য অপরাধের বিরুদ্ধে একটি গুরুত্বপূর্ণ বার্তা হিসেবে দেখছেন।



# কোচবিহার জেলা পুলিশের উদ্যোগে “মহিলা হেল্প ডেস্ক” চালু করা হল জেলার প্রত্যেক থানায়





**ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কোচবিহার ,৩ জুলাই :** মাননীয় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশনায় রাজ্যের সমস্ত থানায় “মহিলা হেল্প ডেস্ক” চালু করা হয়েছে। এরই ধারাবাহিকতায়, কোচবিহার জেলা পুলিশের পক্ষ থেকে জেলার প্রতিটি থানায় “মহিলা হেল্প ডেস্ক” স্থাপন করা হয়েছে ।এই উদ্যোগের মাধ্যমে, কোনো নারী বিপদে পড়লে বা সমস্যার সম্মুখীন হলে সময় মতো তাদের সহায়তা প্রদান করা হবে। এছাড়াও পরামর্শ ও সহযোগিতা পাওয়ার জন্য তারা সহজেই পুলিশের দ্বারস্থ হতে পারবেন। অভিযোগ নথিভুক্ত করা, আইনি সহায়তা প্রদান এবং মানসিক সমর্থন জোগানোর উদ্দেশ্যে এই হেল্প ডেস্কগুলো কাজ করবে, যাতে প্রতিটি নারী দ্রুত, সহানুভূতিশীল এবং প্রয়োজনীয় পেশাদার সহায়তা পান।

# নতুন রাস্তার উদ্বোধন করলেন সাংসদ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ জুলাই :** আলিপুরদুয়ার মাদারিহাট বীরপাড়া ব্লকে সিংহানিয়া চা বাগানে সাংসদ তহবিল নতুন পেভার্স ব্লক সড়ক নির্মাণের কাজের সূচনা হল। আলিপুরদুয়ার সাংসদ মনোজ টিগ্গা সাংসদ তহবিল থেকে প্রায় ৫৩ লক্ষ টাকা ব্যায়ে ৬৫০ মিটার নতুন পেভার্স ব্লক সড়ক নির্মাণ কাজ আজ সূচনা হয়। কাজের সূচনা করেন আলিপুরদুয়ার সাংসদ মনোজ টিগ্গা এদিনের অনুষ্ঠানে এলাকার বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |